অবসর ভেঙে ফেরার ঘোষণা আমিরের

২০২০ সালে আন্তর্জাতিক ক্রিকেটকে বিদায় জানিয়েছিলেন পাকিস্তানের পেসার মোহাম্মদ আমির। তবে অবসর ভেঙে আবারও আন্তর্জাতিক ক্রিকেটে ফেরার কথা জানিয়েছেন এই পাক পেসার। আগামী ১ জুন থেকে মার্কিন যুক্তরাষ্ট্র এবং ওয়েস্ট ইন্ডিজে শুরু হবে টি-টোয়েন্টি বিশ্বকাপ। বৈশ্বিক এই টুর্নামেন্টে খেলতে চান আমির।

অবসর ভেঙে ফেরা প্রসঙ্গে আমির বলেন, ‘আমি এখনো পাকিস্তানের হয়ে খেলার স্বপ্ন দেখি। জীবন কখনো কখনো আমাদের এমন একটা অবস্থানে নিয়ে আসে যেখানে এসে আমাদের সিদ্ধান্তকে পুনর্বিবেচনা করতে হয়। পাকিস্তান ক্রিকেট বোর্ড (পিসিবি) ও আমার মধ্যে ইতিবাচক একটি আলোচনা হয়েছে। সেই আলোচনায় অত্যন্ত সম্মানজনকভাবে আমার কাছে অনুভূত হয়েছে যে পাকিস্তান দলের আমাকে দরকার ছিল এবং এখনও আমি পাকিস্তানের হয়ে খেলতে পারতাম।’

তিনি আরও বলেন, ‘এ পর্যায়ে পরিবার ও শুভাকাঙ্খীদের সঙ্গে আলোচনা করে আমি সিদ্ধান্ত নিয়ে ঘোষণা দিচ্ছি যে টি-টোয়েন্টি বিশ্বকাপকে সামনে রেখে পাকিস্তানের হয়ে আবার খেলতে আমি এখন উন্মুক্ত। আমি এটা কেবল আমার দেশের জন্য করতে চাই। সে কারণে এটা আমার ব্যক্তিগত সিদ্ধান্তেরও আগে। সবুজ জার্সি গায়ে জড়ানো এবং দেশের হয়ে খেলার তীব্র ইচ্ছাটা আমার সবসময় ছিল এবং ভবিষ্যতেও থাকবে।’

সূত্র: ইত্তেফাক

চার ম্যাচ পর জয়ের দেখা পেলো ব্রাজিল

চার ম্যাচ পর জয়ের দেখা পেয়েছে পাঁচবারের বিশ্বচ্যাম্পিয়ন ব্রাজিল। ওয়েম্বলিতে ইংল্যান্ডকে হারিয়েছে সেলেসাওরা। বিস্ময় বালক এন্ড্রিকের একমাত্র গোলে ইংল্যান্ডকে ১-০ গোলে হারিয়েছে

ব্রাজিল। সেই সঙ্গে ব্রাজিলের কোচ হিসেবে জয় দিয়ে যাত্রা শুরু করলো দারিভাল জুনিয়র।

ম্যাচের প্রথমার্ধে বেশ হাড্ডাহাড্ডি লড়াই করেছে ব্রাজিল-ইংল্যান্ড। বেশ কিছু সুযোগ তৈরি করেছিল সেলেসাওরা। তবে ভিনিসিয়ুস জুনিয়রের আক্রমণ আটকে গেছে ইংল্যান্ড ডিফেন্সে। শেষ পর্যন্ত গোলশূন্য সমতায় থেকে বিরতিতে যায় দু’দল।

বিরতি থেকে ফিরেও হাড্ডাহাড্ডি লড়াই চালিয়ে যায় দু’দল। আক্রমণ-পাল্টা আক্রমণে খেলতে থাকে তারা। ম্যাচের ৭১ মিনিটে বদলি হিসেবে মাঠে নামেন আগামী জুলাইতে রিয়াল মাদ্রিদে যোগ দিতে যাওয়া ১৭ বছর বয়সী এড্রিক।

মাঠে নামার ৯ মিনিটের মধ্যে ইংল্যান্ডের জালে বল জড়ান এই বিস্ময় বালক। তার গোলে ম্যাচে লিড নেয় সেলেসাওরা। এরপর গোল শোধে মরিয়া হয়ে খেলতে থাকে ইংল্যান্ড। তবে শেষ পর্যন্ত আর কোনো গোল না হলে ১-০ গোলের জয়ে নিয়ে মাঠ ছাড়ে পাঁচবারে বিশ্বচ্যাম্পিয়নরা।

সূত্র: ইত্তেফাক

বাংলাদেশকে হারিয়ে ঢাকায় ফিলিস্তিন

কুয়েতের জাবের আল আহমাদ স্টেডিয়ামে বিশ্বকাপ এবং এশিয়ান কাপ বাছাইয়ের ম্যাচে ফিলিস্তিন ৫-০ গোলে বাংলাদেশকে হারিয়ে আজ সকালে ঢাকায় আসছে ফিলিস্তিন। এর আগেই ঢাকায় ফেরার পথে ছিল বাংলাদেশ ফুটবল দল। তারা আজ ভোরেই হোটেলে উঠার কথা। বাংলাদেশ-ফিলিস্তিন ফিরতি ম্যাচ ঢাকায়, ২৬ মার্চ।

ফিলিস্তিন শক্তিশালী দল। তাদের বিপক্ষে পারবে না বাংলাদেশ, বড় ব্যবধানে হারবে, সেটা আগেই অনুমিত ছিল। তারপরও কুয়েতের মাঠে হওয়া খেলা যারা দেখেছেন তাদের চোখে আশা জাগিয়েছিল বাংলাদেশ। প্রথম ৪২

মিনিট পর্যন্ত অন্তত তিন বার বাংলাদেশের গোলরক্ষক মিতুল মারমাকে একা পেয়েও বাইরে মেরে সুযোগ নষ্ট করে ফিলিস্তিন। এরই ফাঁকে বাংলাদেশ অন্তত দুই বার গোলের সুযোগ পেয়েও ব্যর্থ হয়েছে।

ফাহিম, সোহেল রানা, রাকিবরা আক্রমনভাগে অপ্রত্যাশিত সুযোগ পেয়ে কাজে লাগাতে ব্যর্থ হয়েছেন। ফিলিস্তিনি ফুটবলাররা উচ্চতায় সাড়ে ৬ ফুট। তাদের বিপক্ষে বাংলাদেশ এরিয়েলে না খেলে গ্রাউন্ড বলে খেলছিল। এতে সুযোগও হচ্ছিল। কিন্তু প্রথমার্ধের শেষ দিকে রক্ষণের ব্যর্থতায় বাংলাদেশ টপাটপ গোল হজম করে। ফিলিস্তিনি জানে তারা ছয় দিনের ব্যবধানে দুটি ম্যাচ খেলবে। ঢাকার মাঠে পুরো বিপরীত পরিবেশে খেলতে হবে। হয়তো সে কারণে প্রথম ম্যাচে নিজেদের

শক্তিটাকে পুরোপুরি ঢেলে দেয়নি। সেই সুযোগটা পেয়েও লুফে নিতে পারেনি জামাল ভূঁইয়ারা। ৫টা গোলই হয়েছে রক্ষণের ফুটবলারদের কারণে। হ্যাটট্রিক করেছেন ফিলিস্তিন দলের একমাত্র ইউরোপে খেলা ফুটবলার ওদে দাবাগ। বেলজিয়ামে খেলেন তিনি। ৪২ মিনিট পর্যন্ত গোল পোস্ট আগলে রেখে গোল হজম করে। দুই ডিফেন্ডার দু- দুটি ভুল করেন, ২-০ তে এগিয়ে যায় ফিলিস্তিন। ৪৩ মিনিটে ওদে দাবাগ গোল করলেন সাদ উদ্দিনের ভুলে। ৪৫ মিনিটে শিহাব কামবর গোল করলেন সোহেল রানার ভুলে। এই সোহেল রানা সবচেয়ে রানা নিজেদের বক্সে এমনভাবে বল রিসিভ করলেন, সোহেল রানার পায়ের বল ফিলিস্তিনি ফুটবলার শিহাবের পায়ে গেলে গোল করেন তিনি।

ওদে দাবাগ, শিহাব, ওয়ারদা বাংলাদেশের রক্ষণে যতটা তচনচ করেছেন, তার চেয়েও বেশি ভুল খেলে সুযোগ করে দিয়েছেন বাংলাদেশের ডিফেন্ডাররা। ভাগ্য ভালো গোলরক্ষক মিতুল মারমা এদের মধ্যে ভালো খেলে পোস্ট আগলে রেখেছিলেন। প্রথম দুই গোলেই শেষ হয়ে যায় বাংলাদেশ। দ্বিতীয়ার্ধে নেমে বাংলাদেশ যেন আরো বিপদে পড়ে যায়। ফিলিস্তিনি ফুটবল দল বাংলাদেশকে গলা চেপে ধরে। ৪৯ মিনিটে আবার শিহাব গোল করেন, ৩-০। ৫৩ মিনিটে ওদে দাবাগ গোল করেন, ৪-০। ততক্ষণে বাংলাদেশের সব সর্বনাশ হয়ে গেছে, ৭৭ মিনিটে হ্যাটট্রিক করেন ওদে দাবাগ ৫-০।

সূত্র: ইত্তেফাক

১০০ টাকায় দেখা যাবে বাংলাদেশ-শ্রীলঙ্কা টেস্ট ম্যাচ

রঙিন পোশাকের পর এবার সাদা পোশাকে শ্রীলঙ্কার বিপক্ষে মাঠে নামবে বাংলাদেশ। দুই ম্যাচ টেস্ট সিরিজের প্রথম ম্যাচটি আগামীকাল সিলেট আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে এবং চট্টগ্রাম জহুর আহমেদ চৌধুরী স্টেডিয়ামে সিরিজের দ্বিতীয় ম্যাচ অনুষ্ঠিত হবে আগামী ৩০ মার্চ। সিলেটের বাংলাদেশ ও শ্রীলঙ্কার ম্যাচটি মাঠে বসে দেখতে আগ্রহী দর্শকদের জন্য টিকিটের মূল্য তালিকা প্রকাশ করেছে বিসিবি।

এই ম্যাচ দেখতে শ্রেণিভেদে দর্শকদের গুনতে হবে ১০০ থেকে ১ হাজার টাকা পর্যন্ত, যা গতকাল এক বিবৃতিতে নিশ্চিত করেছে সংস্থাটি। এই ম্যাচে সর্বনিম্ন ১০০ টাকার টিকিটে গ্রিন গ্যালারি, ওয়েস্টার্ন গ্যালারি ও ইস্টার্ন গ্যালারিতে বসে খেলা দেখতে হলে দর্শকদের গুনতে হবে ২০০ টাকা। এছাড়া ক্লাব হাউজের টিকিটের মূল্য নির্ধারণ করা হয়েছে ৩০০ টাকা এবং গ্র্যান্ড স্ট্যান্ডের মূল্য সর্বোচ্চ ১ হাজার টাকা।

আজ থেকেই সংগ্রহ করা যাবে টিকিট এবং ম্যাচের দিন সকাল সাড়ে ৯টা থেকে বিকাল সাড়ে ৪টা পর্যন্ত সিলেট স্টেডিয়ামের টিকিট কাউন্টারে টিকিট পাওয়া যাবে। এছাড়া সিলেট জেলা স্টেডিয়ামের প্রধান গেটে পাওয়া যাবে বাংলাদেশ-শ্রীলঙ্কার প্রথম টেস্ট ম্যাচের টিকিট।

সূত্র: ইত্তেফাক

আঙুলের চোটে টেস্ট সিরিজ শেষ মুশফিকের

চট্টগ্রামে শ্রীলঙ্কার বিপক্ষে ওয়ানডে সিরিজে ২-১ ব্যবধানে জয় তুলে নেওয়ার পর ফুরফুরে মেজাজে টাইগাররা। এই সূচিতে এখনো

লঙ্কানদের বিপক্ষে দুই ম্যাচের টেস্ট সিরিজ রয়েছে। যার মধ্যে প্রথমটি অনুষ্ঠিত হবে সিলেটে আগামী ২২ মার্চ। গেল পরশু দিন এই ম্যাচের জন্য ১৫ সদস্যের স্কোয়াড ঘোষণা করে দিয়েছে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)।

তবে ঘোষিত ঐ স্কোয়াড থেকে ছিটকে গেলেন দলের অভিজ্ঞ উইকেটরক্ষক ব্যাটার মুশফিকুর রহিম। লঙ্কানদের বিপক্ষে ওয়ানডে সিরিজে জেতাতে ব্যাট হাতে দলের হয়ে দারুণ ভূমিকা পালন করেছেন মুশফিক। শুধু তাই নয় সিরিজ জয়ের পর তার উদযাপনটাও ছিল ভিন্ন ধরনের যা সামাজিক যোগাযোগমাধ্যমে ইতিমধ্যেই সকলের সামনে ঘুরে বেড়াচ্ছে। এর মধ্যেই জানা গেল মুশফিকুর রহিমকে নিয়ে দুঃসংবাদ।

জানা গেছে, গেল পরশু দিন ওয়ানডে সিরিজের শেষ ম্যাচে শ্রীলঙ্কার ব্যাটিং ইনিংসের দ্বিতীয় ওভারে তাসকিন আহমেদের বল ধরতে গিয়ে ডান হাতের বৃদ্ধাঙ্গুলিতে চোট পান মুশফিক। সেসময় চোট সাড়াতে ম্যাজিক স্প্রের পর টেপ পেঁচিয়ে পুরো ম্যাচ খেলেছিলেন। ঐ চোট সাড়াতেই তাকে মাঠের বাহিরে থাকতে হবে ৪ থেকে ৫ সপ্তাহ। এক বিজ্ঞপ্তি দিয়ে এমনটি জানিয়েছে বিসিবি।

জানা গিয়েছে, গতকাল ঢাকায় স্ক্যানে মুশফিকের আঙুলে হালকা চিড় ধরা পড়েছে। যেটি সেরে উঠতে ৪-৫ সপ্তাহ সময় লাগবে। এর ফলে ২২ মার্চ শুরু টেস্ট সিরিজে তাকে পাওয়া যাবে না। শুধু তাই নয় দ্বিতীয় টেস্টেও খেলতে পারবেন না তিনি। এ বিষয়ে জাতীয় দলের ফিজিও বায়েজিদুল ইসলাম বলেন, ‘তিনি বর্তমানে তার চোটের জন্য পুনর্বাসন প্রক্রিয়ার মধ্য দিয়ে যাচ্ছেন এবং প্রায় তিন থেকে চার সপ্তাহের জন্য মাঠের বাইরে থাকবেন বলে আশা করা হচ্ছে, তাই তিনি শ্রীলঙ্কার বিপক্ষে টেস্ট সিরিজে অংশ নিতে পারবেন না।

এদিকে মুশফিকের শূন্য স্থানে ১৫ জনের স্কোয়াডে নতুন করে কার নাম যুক্ত করা হবে তা জানানো হয়নি। তবে শোনা যাচ্ছে শ্রীলঙ্কার বিপক্ষে টেস্ট খেলতে চান বিশ্বসেরা অলরাউন্ডার সাকিব আল হাসান। যদিও আনুষ্ঠানিকভাবে কিছুই এখনো প্রকাশ্যে আসেনি। তবে সাকিব যদি আসলেও এই টেস্টে স্কোয়াডে যুক্ত হয়। তাহলে প্রায় ৩৫০ দিন পর সাদা পোশাকে মাঠে নামতে দেখা যাবে সাবেক এই টাইগার অধিনায়ককে। সূত্র: ইত্তেফাক

[redacted]

[redacted] [redacted] [redacted] [

ব্যাটে জয় পেয়েছে বাংলাদেশ। লঙ্কানদের ৪ উইকেটে হারিয়ে ২-১ ব্যবধানে সিরিজ নিজেদের করে নিলো স্বাগতিকরা।

সোমবার (১৮ মার্চ) চট্টগ্রামের জহুর আহমেদ চৌধুরি স্টেডিয়ামে টস জিতে লঙ্কানদের ব্যাটিংয়ে পাঠান অধিনায়ক নাজমুল হাসান শান্ত। লঙ্কান অলরাউন্ডার জেনিথ লিয়ানগের সেঞ্চুরিতে ৫০ ওভারে ২৩৫ রানে অলআউট হয় শ্রীলঙ্কা। ১০২ বলে ১০১ রানে অপরাজিত থাকেন লিয়ানগে।

২৩৬ রানের টার্গেট ব্যাট করতে নেমে আগ্রাসী ব্যাটিং করতে থাকেন সৌম্যের কনকাশন বদলি নামা তানজিদ তামিম। অন্যদিকে কিছুটা দেখেশুনে খেলতে থাকেন এনামুল হক বিজয়। তবে দলীয় ৫০ রানে ২২ বলে ১২ রান করে সাজঘরে ফিরে যান বিজয়।

বিজয়ের বিদায়ের পর ক্রিজে আসেন অধিনায়ক নাজমুল হাসান শান্ত। টাইগার অধিনায়ককে সঙ্গে নিয়ে আগ্রাসী ব্যাটিং চালিয়ে যান তানজিদ তামিম। তবে দলীয় ৫৬ রানে ৫ বলে মাত্র ১ রান করে আউট হন শান্ত। এরপর ক্রিজে আসা তাওহিদ হৃদয়কে সঙ্গে নিয়ে ব্যাট করতে থাকেন তামিম। ৫১ বলে ফিফটি তুলে নেন এই টাইগার ওপেনার।

হৃদয়কে সঙ্গে নিয়ে ৪৯ রানের জুটি গড়েন তামিম। এরপর দ্রুতই জোড়া উইকেট হারিয়ে চাপে পড়ে বাংলাদেশ। হৃদয় ৩৬ বলে ২২ ও মাহমুদউল্লাহ রিয়াদ ৪ বলে মাত্র ১ করে সাজঘরে ফিরে যান। তাদের বিদায়ের পর মুশফিকুর রহিমকে সঙ্গে নিয়ে চাপ সামাল দেওয়ার চেষ্টা করেন তামিম।

তবে দলীয় ১৩০ রানে ৮১ বলে ৮৪ রান করে ফিরে যান তামিম। তার বিদায়ে আরও চাপে পড়ে বাংলাদেশ। এরপর মেহেদি হাসান মিরাজকে সঙ্গে নিয়ে চাপ সামাল দেওয়ার চেষ্টা করেন মুশফিক। ৪৮ রানের জুটি গড়েন এই দুই ব্যাটার।

তবে দলীয় ১৭৮ রানে ৪০ বলে ২৫ রান করে আউট হন মিরাজ। তার বিদায়ের পর ক্রিজে এসে আগ্রাসী ব্যাটিং করতে থাকেন রিশাদ হোসেন। তার ১৮ বলে ৪৮ রানের ঝড়ো ইনিংসে ৫৮ বলে হাতে রেখে ৪ উইকেটের জয় পায় বাংলাদেশ। ৩৬ বলে ৩৭ রানে অপরাজিত থাকেন মুশফিক।

সূত্র: ইত্তেফাক

ভিনিসিয়ুসের জোড়া গোলে রিয়ালের জয়, আনচেলত্তির মাইলফলক

আন্তর্জাতিক বিরতির আগে লা লিগায় নিজেদের শেষ ম্যাচে ওসাসুনার বিপক্ষে মাঠে নামে রিয়াল মাদ্রিদ। বিরতি যাওয়ার আগে শেষটা রাঙিয়েছে কার্লো আনচেলত্তির শিষ্যরা। ব্রাজিলিয়ান তারকা ভিনিসিয়ুস জুনিয়রের জোড়া গোলে ওসাসুনাকে ৪-২ গোলে হারিয়েছে লস ব্লাঙ্কোরা।

এই জয়ে মাইলফলক ছুঁয়েছেন রিয়াল কোচ কার্লো আনচেলত্তি। ক্লাবটির হয়ে ২০০তম জয় ম্যাচ জয়ের কীর্তি গড়েছেন এই কোচ। শনিবার (১৬ মার্চ) রাতে ম্যাচের শুরুতেই এগিয়ে যায় রিয়াল। চতুর্থ মিনিটেই গোল করে দলকে এগিয়ে দেন ভিনিসিয়ুস। তবে সপ্তম মিনিটেই সমতায় ফেরে ওসাসুনা। আন্তে বুদিমির গোল করে দলকে সমতায় ফেরান।

এরপর ম্যাচের ১৮ মিনিটে ফের লিড নেয় লস ব্লাঙ্কোরা। ভালভার্দের পাস থেকে অসাধারণ ফিনিশিংয়ে দলকে এগিয়ে দেন দানি কার্ভাহাল। ২-১ গোলে এগিয়ে থেকে বিরতিতে যায় রিয়াল।

বিরতি থেকে ফিরে ম্যাচের ৬১ মিনিটে ফের গোলের দেখা পায় আনচেলত্তির শিষ্যরা। ব্রাহিম দিয়াজ গোল করে দলের লিড বাড়ান। এরপর ম্যাচের ৮৩ মিনিটে অসাধারণ এক গোল করে নিজের জোড়া পূর্ণ করেন ভিনিসিয়ুস।

ম্যাচের অতিরিক্ত সময়ে ইকের মুনজ গোল করে ব্যবধান কমায় ওসাসুনা। শেষ পর্যন্ত ৪-২ গোলের জয় নিয়ে মাঠ ছাড়ে লস ব্লাঙ্কোরা। এই জয়ে পয়েন্ট টেবিলের দ্বিতীয় স্থানে থাকা জিরোনার চেয়ে ১০ পয়েন্টে এগিয়ে গেল রিয়াল। ২৯ ম্যাচ থেকে তাদের সংগ্রহ ৭২ পয়েন্ট। সমান ম্যাচ থেকে জিরোনার সংগ্রহ ৬২ পয়েন্ট। আর ২৮ ম্যাচ থেকে বার্সেলোনার সংগ্রহ ৬১ পয়েন্ট।

সূত্র: ইত্তেফাক

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]: [redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]